# Bankim Sardar College

## Semester II Examination, 2020

**B.A. / B.Sc. General**

**Subject - Economics**

**PAPER - ECO-G-CC-2-2TH/ECO--GE-2-2-TH/ECO-G-GE-2-2-TH**

**Answer of each group should be in separate answer-sheet**

**প্রত্যেকটি গ্রুপ বা বিভাগের উত্তর নতুন পৃষ্ঠায় শুরু করবে**

## GROUP-A (F.M. 10)

**Answer Any Five Questions**

**1.** (i) মাথাপিছু আয় কাকে বলে?

(ii) জাতীয় আয়ের অন্তর্ভুক্ত হয় না এই জাতীয় দুটি আয়ের উদাহরণ দাও এবং তাদের অন্তর্ভুক্ত না করার কারণ উল্লেখ করো

(iii) প্রান্তিক ভোগ প্রবণতা ০.৮ হলে গুণক এর মান কত হবে?

(iv) ধ্রুপদী দ্বি-বিভাজন কাকে বলে?

(v) অস্বাভাবিক মুদ্রাস্ফীতি কাকে বলে?

(vi) পেনশনভোগী মানুষদের ওপর মুদ্রাস্ফীতির প্রভাব বর্ণনা করো।

(vii) সংরক্ষণের পক্ষে যুক্তি গুলি আলোচনা করো।

(viii) M3 কাকে বলে?

## GROUP- B (F.M. 15)

**Answer Any One Question**

**যে কোন ১ টি প্রশ্নের উত্তর দাও (সর্বাধিক ৪০০ - ৫০০ শব্দের মধ্যে)**

2. (i) জাতীয় আয় কতগুলি পদ্ধতির দ্বারা পরিমাপ করা যায়? সেগুলির বর্ণনা দাও।

(ii) কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ নীতিগুলি ব্যাখ্যা করো।

## GROUP- C (F.M. 65 = 25×1+4×10)

**3 নং প্রশ্নের (MCQ) সব প্রশ্নগুলির উত্তর দিতে হবে এবং 4-10 নং প্রশ্নের মধ্যে যে কোন ৪ টি প্রশ্নের উত্তর দিতে হবে**

**(১০০ - ১৫০) শব্দের মধ্যে**

**3। নীচের সব প্রশ্নগুলির উত্তর দাও**

A) মুদ্রাস্ফীতি কখন হতে পারে?

(i) যদি অর্থের যোগান বাড়ে

(ii) যদি উৎপাদন কমে

(iii) যদি অর্থের যোগান বাড়ে ও উৎপাদন কমে

(iv) যদি অর্থের যোগান এবং উৎপাদন উভয়ই কমে

B) মুদ্রাস্ফীতির জন্য কোন শ্রেণীর মানুষ সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়?

(i) ঋণগ্রহীতা

(ii) সরকারি পেনশন ভোগীরা

(iii) ব্যবসায়ীরা

(iv) ঋণদাতা

C) মুদ্রাস্ফীতি বলতে কী বোঝায়?

(i) সরকারের বাজেট ঘাটতি বৃদ্ধি পাওয়া

(ii) জনগণের ব্যবহৃত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি হওয়া

(iii) অর্থের যোগান বৃদ্ধি পাওয়া

(iv) দেশের সাধারণ দামস্তর বৃদ্ধি পাওয়া

D) মুদ্রাস্ফীতি কিভাবে নিয়ন্ত্রণ করা যেতে পারে?

(i) অর্থের যোগান বাড়িয়ে

(ii) অর্থের যোগান কমিয়ে

(iii) মজুরি বৃদ্ধি করে

(iv) ট্যাক্স রেট কমিয়ে

E) কোন শ্রেণীর মানুষ মুদ্রাস্ফীতির জন্য সুরক্ষিত নয়?

(i) শিল্পক্ষেত্রের শ্রমিকরা

(ii) কৃষক শ্রেণী

(iii) সরকারি পেনশনভোগী

(iv) ব্যাংকের সঞ্চয়ী আমানত ধারকরা

F) চাহিদা বৃদ্ধির জন্য একনাগাড়ে দামস্তর বৃদ্ধি পাওয়া কে কি বলে?

(i) যোগান বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি

(ii) চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি

(iii) দৌড়ে চলা মুদ্রাস্ফীতি

(iv) অস্বাভাবিক মুদ্রাস্ফীতি

G) ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতি কখন হতে পারে?

(i) অর্থের যোগান বৃদ্ধি পেলে

(ii) প্রত্যক্ষ কর বৃদ্ধি পেলে

(iii) জনসংখ্যা বৃদ্ধি পেলে

(iv) উৎপাদন ব্যবস্থা ও জনগণের ব্যয় বৃদ্ধি পেলে

H) বর্তমানে ভারতবর্ষে কি ধরনের মুদ্রাস্ফীতি দেখা যাচ্ছে?

(i) চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি

(ii) ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি

(iii) পূর্বের দুই-এর সংমিশ্রণ

(iv) অস্বাভাবিক মুদ্রাস্ফীতি

I) যে কোন দেশের ব্যাংকিং ব্যবস্থার শীর্ষে কোন ব্যাংক অবস্থান করে?

(i) কেন্দ্রীয় ব্যাংক

(ii) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

(iii) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

(iv) বেসরকারি ব্যাংক

J) নিচের কোনটি M1 এর অন্তর্ভুক্ত?

(i) ডাকঘরে সঞ্চিত অর্থ

(ii) বাণিজ্যিক ব্যাংকের স্থায়ী আমানত

(iii) রিজার্ভ ব্যাংকের নিকট অন্যান্য আমানত

(iv) একটিও না

K) বাণিজ্যিক ব্যাঙ্কগুলি কোন ধরনের আমানত থেকে ঋণ সৃজন করতে পারে?

(i) সঞ্চয়ী আমানত

(ii) চলতি আমানত

(iii) প্রাথমিক আমানত

(iv) উদ্ভূত আমানত

L) বাণিজ্যিক ব্যাংকের সরিয়ে রাখা অর্থের পরিমাণ 25% হলে ঋণ সৃজনের পরিমাণ হবে--

(i) 10 গুণ

(ii) 20 গুন

(iii) 5 গুণ

(iv) 4 গুণ

M) ঋণ নিয়ন্ত্রণ হলে জনগণের হাতে নগদ অর্থের পরিমাণ

(i) একই থাকে

(ii) বেড়ে যায়

(iii) কমে যায়

(iv) প্রথমে কমে গিয়ে পরে বেড়ে যায়

N) মূলধনী খাতে সর্বদা --

(i) দেনা = পাওনা হবে

(ii) দেনা অপেক্ষা পাওনা বড় হবে

(iii) পাওনা অপেক্ষা দেনা বড় হবে

(iv) উপরের সবগুলি হতেও পারে আবার নাও হতে পারে

O) ভারত যদি ইংল্যান্ডের থেকে ধার নিয়ে থাকে তাহলে লেনদেন ব্যালেন্সের কোথায় সেটি অন্তর্ভুক্ত হবে?

(i) মূলধনী খাতে দেনা হিসেবে

(ii) মূলধনী খাতে পাওনা হিসেবে

(iii) চলতি খাতে পাওনা হিসেবে

(iv) উপরের একটিও নয়

P) বাংলাদেশে বন্যার জন্য ভারত সরকার যদি আর্থিক অনুদান দিয়ে থাকে তবে লেনদেন ব্যালেন্সের কোন খাতে সেটি অন্তর্ভুক্ত হবে?

(i) চলতি খাতে দেনা হিসেবে

(ii) মূলধনী খাতে দেনা হিসেবে

(iii) চলতি খাতে একপাক্ষিক দেনা হিসেবে

(iv) চলতি খাতে একপাক্ষিক পাওনা হিসেবে

Q) নিচের কোন কারণের জন্য লেনদেন ব্যালেন্সে ঘাটতি হতে পারে?

(i) বৈদেশিক ঋণ নেওয়ার জন্য

(ii) স্বল্প রপ্তানি হওয়ার জন্য

(iii) উন্নয়নের জন্য বেশি করে বৈদেশিক দ্রব্য ক্রয় করার জন্য

(iv) উপরের সবকটি সত্য

R) ভারতবর্ষের কোন নামি শিল্পপতি যদি বিদেশে কোন কোম্পানি কেনেন তাহলে লেনদেন ব্যালেন্সের উপর কিরূপ প্রভাব পড়তে পারে?

(i) মূলধনী খাতে ঘাটতি দেখা দিতে পারে

(ii) চলতি খাতে ঘাটতি দেখা দিতে পারে

(iii) মূলধনী খাতে উদ্বৃত্ত দেখা দিতে পারে

(iv) ওপরের কোনোটিই হবে না

S) নিচের কোন পদ্ধতির দ্বারা লেনদেন ব্যালেন্সের ঘাটতি দূর করা যেতে পারে?

(i) রপ্তানি বৃদ্ধি করে

(ii) রপ্তানি হ্রাস করে

(iii) বৈদেশিক মুদ্রা বিক্রি করে

(iv) ওপরের কোনোটিই নয়

T) বছরের শেষে লেনদেন ব্যালেন্সের দেনা-পাওনা মিলিয়ে দেওয়ার জন্য কোন পদ্ধতি অবলম্বন করা হতে পারে?

(i) বিদেশ কে ধার দিয়ে

(ii) বিদেশের থেকে ধার নিয়ে

(iii) সোনা বিক্রি করে

(iv) উপরের সবকটি সত্য

U) নিচের কোন কারণের জন্য সংরক্ষণ করা হয়?

(i) দেশের শিশু শিল্পকে বাঁচানোর জন্য

(ii) লেনদেন ব্যালেন্সের ঘাটতি মেটানোর জন্য

(iii) মুক্তবাণিজ্য কে আহবান করার জন্য

(iv) ওপরের কোনোটিই নয়

V) বিদেশি দ্রব্যের ওপর বেশি করে কর বসালে সেটি হল --

(i) সংরক্ষণের বিপক্ষে নীতি

(ii) সংরক্ষণের পক্ষে নীতি

(iii) মুক্ত বাণিজ্যের পক্ষে নীতি

(iv) উপরের একটিও নয়

W) কোন দেশের রপ্তানি কমে গেলে লেনদেন ব্যালেন্স এর উপর কি প্রভাব পড়বে?

(i) লেনদেন ব্যালেন্স এর উপর কোন প্রভাব পড়বে না

(ii) লেনদেন ব্যালেন্স এর ঘাটতি বেড়ে যাবে

(iii) লেনদেন ব্যালেন্স এর উদ্বৃত্ত দেখা দেবে

(iv) ওপরের কোনোটিই নয়।

X) মুদ্রাস্ফীতি বেশি হলে নিচের কোন ঘটনাটি ঘটতে পারে?

(i) রপ্তানি বেড়ে যায়

(ii) রপ্তানি কমে যায়

(iii) রপ্তানির ওপর কোনো প্রভাব পড়ে না

(iv) উপরের সবকটি সত্য

Y) ভারতীয় মুদ্রার অবমূল্যায়ন হলে নিচের কোনটি সত্য হবে?

(i) ডলারের তুলনায় ভারতীয় টাকার দাম বাড়বে

(ii) ডলারের তুলনায় ভারতীয় টাকার দাম কমবে

(iii) উপরের দুটি সত্য হবে

(iv) উপরের কোনোটিই সত্য হবে না

**<u>4-10 নং প্রশ্নের মধ্যে যে কোন ৪ টি প্রশ্নের উত্তর দিতে হবে ১০০ - ১৫০ শব্দের মধ্যে</u>** **4×10 = 40**

## Answer Any <u>Four</u> Questions

4) জাতীয় আয় পরিমাপের অসুবিধা গুলি কি কি বল।

5) গুণক কাকে বলে? সরল কেইনসীয় মডেলের দ্বারা বিনিয়োগ গুনকের ধারণাটি ব্যাখ্যা করো।

6) ধ্রুপদী অর্থব্যবস্থায় কি ভাবে সব চালক গুলির মান নির্ণয় হয়, চিত্রের সাহায্যে আলোচনা করো।

7) মুদ্রাস্ফীতি কাকে বলে? উৎসগত ভাবে মুদ্রাস্ফীতি কত প্রকার ও কি কি? দ্রুততা বা গতির ভিত্তিতে মুদ্রাস্ফীতি কে কত ভাগে ভাগ করা যায়? এই সব প্রকার গুলির বর্ণনা দাও।

8) চাহিদা বৃদ্ধিজনিত ও ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির পার্থক্য নিরূপণ করো।

9) উচ্চক্ষমতা সম্পন্ন অর্থ কাকে বলে? কিভাবে এই অর্থ M3 এর সাথে সম্পর্কযুক্ত ব্যাখ্যা করো।

10) রিকার্ডো প্রদত্ত তুলনামূলক ব্যয় তত্ত্বের সাহায্যে আন্তর্জাতিক বাণিজ্যের সুবিধা বুঝিয়ে দাও।